সিনিয়র সিস্টেম এনালিস্ট
সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সংশোঃ ই-১/ সংশোঃ ই-২
নথি
ডায়েরি নং...২৮১.....
তারিখ..৩১/১০/২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সমন্বয় শাখা

# সেপ্টেম্বর ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোহাম্মদ জিয়াউল হক
অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্ব), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

তারিখ : ২৮ অক্টোবর ২০২৫
সময় : বেলা: ১১.০০ ঘটিকা
স্থান : এ বিভাগের সভাকক্ষ
উপস্থিত : পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং মেট্রোরেল লাইন এর বিয়ারিং প্যাড পরে একজন পথচারীর মৃত্যু এবং এ বিভাগের প্রাক্তন সিনিয়র সচিব মহোদয়ের মাতার মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও শোক সন্তপ্ত পরিবারে প্রতি সমবেদনা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

২। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা**<br>২৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হলো। | উপসচিব (সমন্বয়) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২. | **শূন্যপদ পূরণ:**<br>দপ্তর/সংস্থার শূন্যপদ পূরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সওজ অধিদপ্তরের প্রতিনিধি জানান, ৪৪তম বিসিএস এর মাধ্যমে সরাসরি নিয়োগযোগ্য সহকারী প্রকৌশলী (সিভিল) এর ২৯টি পদের স্থলে সংশোধিত চাহিদা অনুযায়ী (২৯+২৯)=৫৮টি পদ পূরণের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যা, ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পাঠিয়ে দেয়া হয়েছে। সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক) এর ৪১টি পদ ৫০তম বিসিএস এর মাধ্যমে পূরণ করা যেতে পারে মর্মে মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। এছাড়া, ১৫-২০তম বিভিন্ন গ্রেডের ১৮৮টি পদের ছাড়পত্র চেয়ে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, ৩৮২টি পদ অর্গানোগ্রামে অন্তর্ভুক্তির পুন:প্রস্তাব সম্প্রতি অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদিত পদে পর্যায়ক্রমে জনবল নিয়োগ দেয়া হবে। বিআরটিএ'র প্রতিনিধি জানান, সহকারী রাজস্ব পদে পদোন্নতির জন্য ৫ জনের প্রস্তাব ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া, পরিচালক ও উপপরিচালকের পদে প্রেষণে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ডিটিসিএ'র প্রতিনিধি জানান, সম্প্রতি প্রেষণযোগ্য অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি) পদটি খালি হয়েছে। ৫ম হতে ৯ম গ্রেডভুক্ত ১০ (দশ) টি এবং ১১তম হতে-২০তম গ্রেডভুক্ত-৩২ (বত্রিশ)টি শূন্য পদ পূরণের ছাড়পত্র পাওয়া গিয়েছে। নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া, ট্রেনিং এ্যাডভাইজার/পরিচালক (প্রশাসন) ও সিনিয়র রোড সেফটি স্পেশালিস্ট পদে পদোন্নতির লক্ষ্যে কার্যপত্র গঠিত কমিটি বরাবর প্রেরণ করা হয়েছে। তবে ইতোমধ্যে পরিচালক (প্রশাসন) পদে জনপ্রশাসন হতে প্রেষণে কর্মকর্তা পদায়ন করা হয়েছে। তাই উক্ত পদে কাউকে পদোন্নতির বিষয়টি মন্ত্রণালয় হতে পর্যালোচনা করে দেখা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি জানান, বর্তমানে ৪০ জন জনবল কাঠামোর বিপরীতে ২৮ জন কর্মকর্তা/কর্মচারী নিয়োজিত আছে। নতুন জনবল নিয়োগ দেয়া প্রয়োজন। ডিএমটিসিএল'র প্রতিনিধি জানান, নিয়োগযোগ্য পদে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। | (১) দপ্তর/সংস্থায় সকল গ্রেডের শূন্যপদ পূরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। গৃহীত কার্যক্রমের অগ্রগতি সুনির্দিষ্ট তথ্যসহ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(২) পদোন্নতি যোগ্যদের প্রস্তাব যথাসময়ে দপ্তর/সংস্থা হতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(৩) সওজ অধিদপ্তরে সৃজিত নতুন পদে পর্যায়ক্রমে জনবল নিয়োগের উদ্যোগ নিতে হবে। এবং ১৫-২০তম বিভিন্ন গ্রেডের ১৮৮টি পদে নিয়োগের লক্ষ্যে সংশ্লিষ্ট শাখা হতে ছাড়পত্র প্রদানের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br>(৪) বিআরটিএ'র পরিচালক ও উপপরিচালক পদে প্রেষণে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে।<br>(৫) এ্যাডভাইজার/পরিচালক (প্রশাসন) ও সিনিয়র রোড সেফটি স্পেশালিস্ট পদে পদোন্নতির বিষয়টি ডিটিসিএ শাখা হতে পর্যালোচনা করে দেখতে হবে।<br>(৬) ঢাকা বিআরটিতে প্রয়োজনীয় জনবল নিয়োগের উদ্যোগ নিতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ দপ্তর/সংস্থা প্রধান (সকল)/যুগ্মসচিব (বিআরটিএ/এমআরটি) /উপসচিব (সওজ সংস্থাপন ১ ও ২)/ (ডিটিসিএ)/ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) |



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

৩. **অডিট আপত্তির বিবরণী:**

সভায় এ বিভাগ ও দপ্তর/সংস্থার অডিট সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হয়:

| বিভাগ/দপ্তর/সংস্থা | প্রারম্ভিক জের | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | | | | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | অগ্রিম | খসড়া | এ মাসে প্রাপ্ত | | | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০৩ | ১ | ২ | - | - | ৩ | ০ | ০৩ |
| সওজ অধিদপ্তর | ৭২২৬ | ১১২৩ | ৫৫১৭ | ৫৮৬ | ০ | ৭২২৬ | ১৬ | ৭২১০ |
| বিআরটিসি | ১২১০ | ২১৪ | ৮৯৬ | ১০০ | ০ | ১২১০ | ১৪ | ১১৯৬ |
| বিআরটিএ | ৩৯৪ | ১৫১ | ২৪৩ | ০ | ০ | ৩৯৪ | ০ | ৩৯৪ |
| ডিটিসিএ | ৩৬ | ১৫ | ২১ | ০ | ০ | ৩৬ | ০ | ৩৬ |
| ডিএমটিসিএল | ১১২ | ২৬ | ৮৬ | ০ | ০ | ১১২ | ০ | ১১২ |
| ঢাকা বিআরটি | ৬ | ৩ | ৩ | ০ | ৮ | ১৪ | ০ | ১৪ |
| মোট | ৮৯৮৭ | ১৫৩৩ | ৬৭৬৮ | ৬৮৬ | ৮ | ৮৯৯৫ | ৩০ | ৮৯৬৫ |

**আগস্ট'২৫ মাসে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৮৯৮৭টি। সেপ্টেম্বর ২০২৫ মাসে ৮টি অডিট আপত্তি অন্তর্ভুক্ত এবং ৩০টি অডিট আপত্তি নিষ্পত্তি হওয়ায় অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৮৯৬৫টি।**

**আলোচনা:** অডিট আপত্তির সংখ্যা কমিয়ে আনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে অতিরিক্ত সচিব (বাজেট) জানান, দপ্তর/সংস্থার যে অডিট আপত্তির সংখ্যা দেখানো হয়েছে বাস্তবিক পক্ষে অডিট আপত্তির সংখ্যা কম হবে। ইতোমধ্যে সওজ অধিদপ্তর Reconciliation এর কাজ শুরু করেছে। তিনি বলেন দপ্তর/সংস্থাকে নিজ উদ্যোগে পরিবহন অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে Reconciliation এর মধ্যেমে অডিট আপত্তির সঠিক সংখ্যা নির্ধারণ করা প্রয়োজন। এ বিষয়ে তিনি বিশেষ গুরুত্ব প্রদানের জন্য সংস্থা প্রধানদের অনুরোধ করেন। অডিট আপত্তি নিষ্পত্তি ও করণীয় বিষয়ে একটি পরিকল্পনা প্রস্তুতের জন্য অতিরিক্ত সচিব (বাজেট) এর সভপতিত্বে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সভা করার বিষয়ে সভায় আলোচনা হয়। দপ্তর/সংস্থার ইন্টারনাল অডিট এবং দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজন করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।

**সিদ্ধান্তসমূহ:**

(১) সকল দপ্তর/সংস্থাকে পরিবহন অডিট অধিদপ্তরের সাথে বসে Reconcilation এর মাধ্যমে অডিট আপত্তির সঠিক সংখ্যা নির্ধারণ করতে হবে।

(২) অডিট আপত্তি নিষ্পত্তি ও করণীয় বিষয়ে একটি কর্ম পরিকল্পনা প্রস্তুতের জন্য অতিরিক্ত সচিব (বাজেট) এর সভপতিত্বে আগামী ৭ দিনের মধ্যে সভার আয়োজন করতে হবে।

(৩) দপ্তর/সংস্থার ইন্টারনাল অডিট এবং দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজন করতে হবে।

(৪) ত্রি-পক্ষীয় সভার প্রতিনিধির জন্য পরিবহন অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করতে হবে।

**বাস্তবায়নকারী:** সকল দপ্তর/সংস্থা প্রধান/অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (হিসাব ও নিরীক্ষা)/ উপসচিব (অডিট)

৪. **সড়ক ও জনপথ অধিদপ্তর**

**ক. বৃক্ষরোপন:**

সওজ অধিদপ্তরের আওতাধীন মহাসড়ক এবং সওজ অধিদপ্তরের বিভিন্ন জায়গায় নিয়মানুযায়ী গাছ রোপন ও পরিচর্যার বিষয় সমন্বয় সভায় আলোচনা না করে আলাদা একটি সভা করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।

**সিদ্ধান্ত:** মহাসড়ক এবং সওজ অধিদপ্তরের বিভিন্ন জায়গায় নিয়মানুযায়ী গাছ রোপন ও পরিচর্যার বিষয়ে আলাদা সভার আয়োজন করতে হবে।

**বাস্তবায়নকারী:** প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ /প্রধান বৃক্ষপালনবিদ, সওজ অধিদপ্তর

**খ. টোল আদায়:**

উপসচিব (টোল ও এক্সেল) জানান, ৯টি বন্ধ টোলপ্লাজা চালুর নিমিত্ত গত ১৪.০৯.২০২৫ তারিখে এ বিভাগে সভা অনুষ্ঠিত হয়েছে এবং এ সংক্রান্ত কাজ চলমান আছে। সরকারের রাজস্ব সংগ্রহের লক্ষ্যে টোল আদায়ে অর্থ বিভাগ হতে একটি লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী টোল আদায় সম্ভব না হলে জবাবদিহি করতে হবে এবং অডিট আপত্তি হতে পারে মর্মে সভায় আলোচনা হয়। তাই বন্ধ টোল প্লাজাসমূহে যে কোনো উপায়ে টোল আদায়ের উদ্যোগ/পদক্ষেপ গ্রহণ করার জন্য সভায় আলোচনা হয়। এক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণের সাথে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট সভায় পরামর্শ প্রদান করা হয়। এছাড়া, করতোয়া সেতুর টোল আদায় কার্যক্রম বন্ধ রাখার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক হতে পত্র দেয়া হয়েছে। বিষয়টি নিয়ে দ্রুত একটি সভা আয়োজনসহ অর্থ বিভাগে পত্র প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।

**সিদ্ধান্তসমূহ:**

(১) ৯টি বন্ধ টোলপ্লাজায় টোল আদায় চালু করতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার এর সাথে যোগাযোগ করতে হবে।

(২) করতোয়া সেতুর টোল আদায় কার্যক্রম বন্ধের বিষয়ে সভা আয়োজন এবং অর্থ বিভাগে পত্র প্রেরণের উদ্যোগ নিতে হবে।

**বাস্তবায়নকারী:** প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (টোল ও এক্সেল)/মনিটরিং টীম (সকল)

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>গ. সওজ অধিদপ্তরের ভূমি নামজারি সংক্রান্ত:<br>(১) এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় জানান, হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমি যেগুলোর নামজারি হয়নি সেগুলোর দ্রুত নামজারির পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেয়া হয়েছে। ৬৫টি সড়ক বিভাগ থেকে প্রাপ্ত জেলা পরিষদ ও অন্যান্য উৎস থেকে সওজ এর নামে হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি পাওয়া গিয়েছে। নামজারির ক্ষেত্রে বেশকিছু সমস্যা চিহ্নিত করা হয়েছে। তালিকা ও গেজেটের কপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সহকারী সচিব (সম্পত্তি) জানান, ভূমি নামজারির জটিলতা নিরসনকল্পে আন্ত:মন্ত্রণালয় সভা আহবানের লক্ষ্যে কার্যপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র পাওয়া গিয়েছে। সভা আহবানের বিষয়টি প্রক্রিয়াধীন।</td><td>(১)(ক) হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমি যেগুলোর নামজারি হয়নি সেগুলোর দ্রুত নামজারির পদক্ষেপ নিতে হবে।<br>(১) (খ) যেগুলোর নাম জারির ক্ষেত্রে সমস্যা রয়েছে সেগুলোর বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধিসহ সংশ্লিষ্টদের নিয়ে সভা আয়োজন করতে হবে।</td><td rowspan="2">অতিরিক্ত সচিব (এস্টেট)/ দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td></td><td>(২) সম্পত্তি শাখা হতে জানানো হয়েছে, চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা এর নিকট হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রের চাহিদা অনুযায়ী দাবীকৃত ২০২৪-২০২৫ অর্থ বছরের ভূমি উন্নয়ন কর জেলা/উপজেলা ভিত্তিক BreakUp প্রেরণের জন্য ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান এবং প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, চেয়ারম্যান, বিআরটিসি ও চেয়ারম্যান, বিআরটিএকে গত ২৮.০৫.২০২৫ তারিখে পত্র দেয়া হয়েছে। অদ্যাবধি কোনো তথ্য পাওয়া যায়নি। যোগাযোগ অব্যাহত আছে।</td><td>(২) সকল দপ্তর/সংস্থাকে বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধের বিষয়টি নিশ্চিত করতে হবে। এ বিষয়ে এ বিভাগ হতে দপ্তর/সংস্থার সাথে যোগাযোগ করতে হবে।</td></tr>
<tr><td></td><td>ঘ. Smart Case Management System:<br>যুগ্মসচিব (আইন) জানান যে, উচ্চ আদালতে দায়েরকৃত মামলার হালনাগাদ তথ্য Smart Case Management System-এ আপলোড করা হচ্ছে। সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত হালনাগাদ আপলোডকৃত মামলার পরিসংখ্যান:
<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থার নাম</th><th>হাইকোর্ট বিভাগ</th><th>আপিল বিভাগ</th><th>মোট মামলার সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>সওজ অধিদপ্তর</td><td>৫৫২</td><td>১৫</td><td>৫৬৭</td></tr>
<tr><td>০২</td><td>বিআরটিএ</td><td>৩০৬</td><td>০১</td><td>৩০৭</td></tr>
<tr><td>০৩</td><td>বিআরটিসি</td><td>১১</td><td>৯</td><td>২৫</td></tr>
<tr><td>০৪</td><td>ডিটিসিএ</td><td>০২</td><td>০০</td><td>০২</td></tr>
<tr><td>০৫</td><td>ডিএমটিসিএল</td><td>৫</td><td>০১</td><td>০৬</td></tr>
<tr><td>০৬</td><td>ঢাকা বিআরটি</td><td>০০</td><td>০০</td><td>০০</td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>৮৭৬</td><td>৩৬</td><td>৯০৭</td></tr>
</table></td><td>মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে Smart Case Management System-এ আপডেট রাখতে হবে।</td><td>দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (আইন)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td></td><td>ঙ. উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বের ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধন:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে জে.এল. নং-১৪ (সিটি জরিপ) ফয়দাবাদ মৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের জন্য ২৭৬/২২ নং মিস কেইস দায়ের করা হলে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় এর স্মারক নং-৩১.৩০.২৬০৮.০০১.০৪.২৪৯/১৮. ২০২৩-৭৩১(সং) তারিখ ১৬ এপ্রিল ২০২৩ এর মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, ঢাকা বরাবর মূল নথি প্রেরণ করা হলে জেলা প্রশাসক, ঢাকা নালিশী ভূমি আরএস- ৮নং খতিয়ানে বাংলাদেশ সরকার পক্ষে পূর্ত ও নগর উন্নয়ন বিভাগ ও সিটি জরিপে ৩নং খতিয়ানে বাংলাদেশ সরকার পক্ষে সড়ক ও জনপথ বিভাগ এর নামে রেকর্ডভুক্ত হওয়ায় সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধির উপস্থিতিতে শুনানী গ্রহণপূর্বক গৃহীত সিদ্ধান্ত ও সুস্পষ্ট মতামতসহ বিস্তারিত প্রতিবেদন প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টনমেন্ট রাজস্ব সার্কেল, ঢাকাকে ১৪ আগস্ট ২০২৫ তারিখে পত্র প্রেরণ করেন।</td><td>উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে জে.এল.নং-১৪ (সিটি জরিপ) ফয়দাবাদ মৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এবং সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টনমেন্ট রাজস্ব সার্কেল এর সাথে যোগাযোগ রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ /এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়</td></tr>
<tr><td></td><td>চ. তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা উদ্ধার<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারের বিষয়ে বিজ্ঞ আদালতে আপীল দায়ের করা হয়েছে। যার F.A.T. No. 409 of 2025.</td><td>তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারে আইনি প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ছ. কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণ:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন নিয়ে দায়েরকৃত ১২টি মামলার তথ্য পাওয়া গিয়েছে। এর মধ্যে ৬টি উচ্চ আদালতে ৬টি নিম্ন আদালতে। উচ্চ আদালতে দায়েরকৃত ৬টি রিটের মধ্যে ৩টি নিষ্পত্তি হয়েছে। এর মধ্যে রিট নং ৫৭৬৭/২০০১ এবং ৩৯৬২/২০০২ এর ১৩ জুলাই ২০১৭ তারিখের নিষ্পত্তির আদেশের নিম্ন দেওয়ানী আদালতে টাইটেল স্যুট নং ১/১৯৯৮, ৪৮/১৯৯৮, ৭/১৯৯৮, ১৫৮/১৯৯৮ এবং ৮৫/১৯৯৮ নিষ্পত্তি হওয়ার পূর্ব পর্যন্ত Status-Quo বজায় রাখার জন্য বলা</td><td>কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণের উদ্দেশ্যে দায়েরকৃত মামলাগুলো নিষ্পত্তির লক্ষ্যে</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
</table>



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | হলে আদেশটি Vacate করার লক্ষ্যে রিট নং-৩৯৬২/২০০২ এর আপীল ৩২৭৩/২০২৫ এবং রিট নং-৫৭৬৭/২০০১ এর আপীল ৩২৭২/২০২৫ দায়ের করা হয়েছে | আইনী কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | |
| | **ঞ. মাদারীপুরে সওজ অধিদপ্তর অফিসের জায়গার মালিকানা ফিরিয়ে আনা**<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান, মাদারীপুর সদর উপজেলাধীন ১২৩ নম্বর কুকরাইল মৌজার ১১১/৬১-৬২ নম্বর এলএ কেসের মাধ্যমে ১০.২৩ একর ভূমি ইট ভাটার জন্য সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক অধিগ্রহণ করা হয়। পরবর্তীতে সরকারি সিদ্ধান্ত মোতাবেক সওজ হতে ইট ভাটার কার্যক্রম বন্ধ হয়ে গেলে মাদারীপুর জেলা ''অধিগ্রহণকৃত অব্যবহৃত ভূমি ব্যবস্থাপনা কমিটি'' কর্তৃক ১৫ জুন ১৯৯৩ তারিখে অনুষ্ঠিত সভায় উক্ত ১০.২৩ একর ভূমি পুনঃ অধিগ্রহণ করতঃ উহার মধ্য হতে ৭.২৩ একর ভূমি মাদারীপুর সড়ক বিভাগের জন্য এবং ৩.০০ একর ভূমি অন্যান্য সরকারি অফিসের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সে সিদ্ধান্ত মোতাবেক উক্ত ৭.২৩ একর ভূমির সীমানা নির্ধারণ পূর্বক ১৯৯৩ সালে সওজ কর্তৃক সীমানা প্রাচীর নির্মাণ করা হয়। বর্তমানে উক্ত সীমানা প্রাচিরের মধ্যে মাদারীপুর সড়ক বিভাগাধীন ও উপ-বিভাগীয় অফিস, কর্মকর্তা ও কর্মচারীদের বাসভবন, স্ট্যাক ইয়ার্ড, ল্যাবরেটরি, গ্যারেজ, পুকুরসহ অন্যান্য স্থাপনা রয়েছে। কিন্তু জেলা প্রশাসক, মাদারীপুর কর্তৃক (১৫ জুন ১৯৯৩ তারিখে অনুষ্ঠিত মাদারীপুর জেলার অধিগৃহণকৃত অব্যবহৃত ভূমি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত উল্লেখ করতঃ) উক্ত অধিগ্রহণকৃত ১০.২৩ একর ভূমি মিস কেস নং-৩/২০০৪-২০০৫ এর মাধ্যমে পুনঃগ্রহণক্রমে খাস খতিয়ানে আনয়ন করা হয়েছে। পরবর্তীতে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের গত ০৮ সেপ্টেম্বর ২০২১ পত্রের প্রেক্ষিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে ৩১ মে ২০২১ তা বাতিল করার জন্য সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর পত্র দেয়া হয়েছে। রিজিউম বাতিলের জন্য পুনরায় ভূমি মন্ত্রণালয়ে সাথে যোগাযোগ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | মাদারীপুর জেলায় সওজ অধিদপ্তরের অফিসের জায়গার মালিকানা ফিরিয়ে আনতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং রিজিউম বাতিলের জন্য পুনরায় ভূমি মন্ত্রণালয়ে সাথে যোগাযোগ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন) |
| | **ঝ. অবৈধ স্থাপনা অপসারণ:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান, সারাদেশে অবৈধ স্থাপনা অপসারণে অভিযান পরিচালনা করা হচ্ছে। অবৈধ উচ্ছেদ কার্যক্রম অব্যাহত এবং উদ্ধারকৃত জায়গা তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট সড়ক বিভাগকে বুঝিয়ে দেয়া হচ্ছে। সেপ্টেম্বর ২০২৫ মাসে পরিচালিত অভিযানের বিবরণ নিম্নরূপ:<br>ক) গত ১৫ অক্টোবর ২০২৫ ও ১৬ অক্টোবর ২০২৫ তারিখ সাতক্ষীরা সড়ক বিভাগাধীন সাতক্ষীরা (অলিপুর)-সখিপুর-কালিগঞ্জ-শ্যামনগর আঞ্চলিক মহাসড়ক (আর-৭৬৭) ৪০তম কিলোমিটার হতে ৫৭তম কিলোমিটারে অবস্থিত সড়কের উভয় পার্শ্বে অবৈধ গড়ে ওঠা ১১১টি একতলা ও বহুতল ভবন, ১২৭০টি সেমিপাকা দোকান, ৬১টি বিলবোর্ডসহ ১৪৪২টি স্থাপনা উচ্ছেদ/অপসারণ করা হয়। এতে প্রায় ৪৭.১৫ একর ভূমি অবৈধ দখলমুক্ত হয়, যার আনুমানিক বাজার মূল্য ৬৮.৫০ কোটি টাকা।<br>খ) গত ১৮ অক্টোবর ২০২৫ তারিখ ঝিনাইদহ সড়ক বিভাগাধীন শেখপাড়া (ঝিনাইদহ)-শৈলকুপা-লাঙ্গলবাঁধ (শ্রীপুর)-ওয়াপদামোড় (মাগুরা) জেলা মহাসড়ক প্রশস্তকরণ ও মজবুতিকরণ" প্রকল্পের আওতায় অধিগ্রহণকৃত ৩৫ নম্বর গোপালপুর মৌজায় তমাতলা বাজার নামক স্থানে সড়কের উভয় পার্শ্বে অবৈধভাবে গড়ে ওঠা ২১টি স্থাপনা উচ্ছেদ/অপসারণ করা হয়। এতে প্রায় ০.৩০১০ একর ভূমি অবৈধ দখলমুক্ত হয়, যার আনুমানিক বাজার মূল্য ১৪.৩০ কোটি টাকা। | (১) উচ্ছেদ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) উচ্ছেদ অভিযানের মাধ্যমে উদ্ধারকৃত জায়গা তাৎক্ষণিক বুঝে নিতে হবে এবং দখলে রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন)/ যুগ্মসচিব (সম্পত্তি)/ এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |
| | **ট. ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবহার :**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান, ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে ETC-তে যুক্ত করার বিষয়ে থিমেটিক গ্রুপের মতামত পাওয়া গেছে। সওজ অধিদপ্তরের প্রতিনিধি জানান, আর্থিক প্রতিষ্ঠানসমূহকে যুক্ত করার লক্ষ্যে খসড়া MoU এ বিভাগে প্রেরণ করা হয়েছে। MoU ভেটিং করে দ্রুত চূড়ান্ত করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে ETC-তে যুক্ত করার লক্ষ্যে খসড়া MoU ভেটিং করে দ্রুত চূড়ান্ত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (আরটিএইচডি) |
| | **ঠ. মহাসড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫**<br>সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫ এর খসড়ার উপর গত ০৪.০৯.২০২৫ তারিখে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। নীতিমালাটি আধিকতর পর্যালোচনার জন্য জনাব নিখীল কুমার দাস, অতিরিক্ত সচিব (এস্টেট)-কে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে। | সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫ পর্যালোচনা করে কমিটিকে দ্রুত নীতিমালা চূড়ান্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (রক্ষণাবেক্ষণ) |
| ৫. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**<br>**ক. ড্রাইভিং লাইসেন্স প্রদান:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, গত ১৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখে দরপত্র দাখিল ও উন্মুক্ত করা হয়। মোট ০৪ (চার) টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহ মূল্যায়নের নিমিত্ত দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) বরাবর প্রেরণ করা হয়েছে। দরপত্র মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। সেপ্টেম্বর ২০২৫ মাসে মোট ৭৫৫ টি ড্রাইভিং লাইসেন্স জরুরী প্রিন্ট করা হয়েছে। জরুরী ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট কার্যক্রম অব্যাহত রয়েছে। | ভেন্ডর প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম তরান্বিত করতে হবে এবং জরুরী ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/অতিরিক্ত সচিব(এস্টেট)/ সি.সি এনালিস্ট |



CamScanner

| আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **খ. ভেহিকল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) স্থাপন ও পরিচালনা:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, বিশ্ব ব্যাংকের অর্থায়নে Bangladesh Clean Air Project (BCAP) এর আওতায় পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক ০৭ (সাত)টি ভিআইসি স্থাপনের সংশোধিত ডিপিপি ও জনবলের কাঠামোর প্রস্তাব ১৯-১০-২০২৫ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। জনবলের কাঠামোর প্রস্তাবের উপর অর্থ বিভাগে অনুমোদন পাওয়া গিয়েছে। পরিকল্পনা কমিশনে প্রেরণ ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ প্রক্রিয়াধীন | ০৭ (সাত)টি ভিআইসি স্থাপনের সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিএ)<br>অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |
| **গ. সড়ক নিরাপত্তা (Road Safety) সংক্রান্ত তথ্য:**<br>(১) নিয়মিতভাবে সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ করা হচ্ছে। সেপ্টেম্বর ২০২৫ মাসে সড়ক দুর্ঘটনার তথ্য নিম্নরূপ:<br>দুর্ঘটনার সংখ্যা: ৪৩৫টি; নিহতের সংখ্যা: ৪০৯; আহতের সংখ্যা: ৪৫৫<br>(২) (ক) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য দৈনিক জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ বিভিন্ন টিভি চ্যানেলে সড়ক নিরাপত্তামূলক তথ্য/স্লোগান ও টিভি ফিলার নিয়মিতভাবে প্রচার করা হচ্ছে। এছাড়া, ২০২৫-২০২৬ অর্থবছরে (জুলাই-আগস্ট) মাসে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্পট ও জনসমাগম এলাকায় ১,৮৩,৭৫৮টি লিফলেট ও ১,০২,২৪৪টি পোস্টার/ স্টিকার বিতরণ করা হয়েছে । এ কার্যক্রম বর্তমানের অব্যাহত আছে।<br>(৩) সড়ক নিরাপত্তা আইন-২০২৫ সাব কমিটি কর্তৃক প্রণয়নকৃত খসড়া আইনটি চূড়ান্তকরণের লক্ষ্যে এ বিভাগের অতিরিক্ত সচিব (এস্টেট) মহোদয়ের সভাপতিত্বে গত ২০.১০.২০২৫ তারিখে ২য় সভা অনুষ্ঠিত হয়েছে।<br>(৪) প্রধান প্রকৌশলী, সভাকে অবহিত করেন, যাত্রাবাড়ী হতে মাওয়া পর্যন্ত এক্সপ্রেসওয়েতে সড়ক নিরাপত্তা নিশ্চিতকল্পে CCTV, VDS, VMS, Speed Enforcement Camera, HDD এবং Optical Fiber Cable সহ প্রয়োজনীয় Intelligent Trnasport System (ITS) সংক্রান্ত যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। এ সিস্টেমের মাধ্যমে সকল ডাটা 'Traffic Management Centre (TMC) সংরক্ষিত হচ্ছে। TMC হতে ট্রাফিক ডাটা সংগ্রহের মাধ্যমে অতিরিক্ত গতিসীমা লঙ্ঘন (Over Speeding) এর কারণে প্রচলিত আইন অনুযায়ী বাংলাদেশ হাইওয়ে পুলিশ মামলা দায়ের করছে। TMC-তে সংগৃহীত ডাটা বিশ্লেষনপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তর, হাইওয়ে পুলিশ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিআরটিএ'র সাথে সমন্বয়ের মাধ্যমে একটি কাঠামো প্রণয়ন করা জরুরি। এ লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা ও মন্ত্রণালয়ের সমন্বয়ে একটি আন্ত:মন্ত্রণালয় সভা করা প্রয়োজন। ইতোমধ্যে এ বিষয়ে সওজ অধিদপ্তর হতে মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়েছে। রোড সেফটি শাখা হতে এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (১) নিয়মিত সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ অব্যাহত রাখতে হবে এবং এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য গুরুত্বপূর্ণ স্পট ও জনসমাগমপূর্ণ এলাকায় প্রচার-প্রচারণা এবং পত্র-পত্রিকা ও গণমাধ্যমে সচেতনতামূলক লেখা বিজ্ঞাপন প্রচার অব্যাহত রাখতে হবে।<br>(৩) সড়ক নিরাপত্তা আইনের খসড়া দ্রুত চূড়ান্ত করতে হবে।<br>(৪) 'Traffic Management Centre (TMC) -হতে ডাটা সরবরাহ ও প্রয়োগের লক্ষ্যে একটি কাঠামো প্রণয়নের জন্য সড়ক ও জনপথ অধিদপ্তর, হাইওয়ে পুলিশ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিআরটিএ'র এর সমন্বয়ে আন্ত:মন্ত্রণালয় সভার আয়োজন করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/অতিরিক্ত সচিব (এস্টেট)/ যুগ্মসচিব (বিআরটিএ/রোড সেফটি)/উপসচিব (রোড সেফটি) |
| **ঘ. লাইসেন্স প্রদানকালীন ড্রাইভিং টেস্ট গ্রহণ:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, বিআরটিসি'র প্রশিক্ষণকার ও ভেন্যু ব্যবহারের ক্ষেত্রে বিআরটিএ ও বিআরটিসি'র মধ্যে একটি খসড়া MoU প্রস্তুত করা হয়েছে। | বিআরটিসি'র প্রশিক্ষণকার ও ভেন্যু ব্যবহারের ক্ষেত্রে বিআরটিএ ও বিআরটিসি'র মধ্যে MoU চূড়ান্ত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ চেয়ারম্যান, বিআরটিএ |
| **ঙ. মোবাইল কোর্ট পরিচালনা:**<br>বিআরটিএ'র এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহযোগীতায় জাতীয় মহাসড়ক এবং শহরের বাইরে অবৈধ মোটরযান চলাচল বন্ধে সেপ্টেম্বর-২০২৫ মাসে ১১ মামলায় ২০,৫০০/- জরিমানা আদায় করা হয়। এছাড়া বিআরটিএ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও জেলাপ্রশাসনের সহযোগিতায় সেপ্টম্বর ২০২৫ মাসে মোট ৫৯৯৪ টি মামলায় ১,১৭,৩১,৫৭০/- টাকা জরিমানা আদায় করা হয়। এছাড়া ১৩ জন দালালকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান ও ৩৬৪ টি গাড়ি ডাম্পিং করা হয়। | (১) বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহযোগিতায় জাতীয় মহাসড়ক এবং শহরের বাইরে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) মোবাইল কোর্ট পরিচালনার জেলাভিত্তিক পরিসংখ্যান নিয়মিত এ বিভাগে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (বিআরটিএ) |
| **চ. গাড়ীতে আরএফআইডি ট্যাগ স্থাপন:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি জানান, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক মেঘনা ও ধলেশ্বরী সেতুর টোল প্লাজায় আরএফআইডি'র কার্যকারিতা সরেজমিন পরিদর্শন করা হয়। দুটি টোল প্লাজায় ভিন্ন ভিন্ন চিত্র পরিলক্ষিত হয়। একই গাড়ীর নম্বর প্লেট ধলেশ্বরী টোল প্লাজায় আরএফআডি সিস্টেমে Read করতে পারলেও মেঘনা টোল প্লাজায় Read করতে পারেনি। | আরএফআইডি বিষয়ে দ্রুত উপস্থাপনার আয়োজন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | সিস্টেমে কিছু ত্রুটি পরিলক্ষিত হয়েছে। এ বিষয়ে প্রধান প্রকৌশলী জানান, কোরিয়ার আর্থিক সহযোগিতায় আরএফআইডি সিস্টেমকে আধুনিকায়ন করা হচ্ছে। KOICA সার্বিক বিষয়ের উপর একটি উপস্থাপনা প্রদানে আগ্রহ প্রকাশ করেছে। দ্রুত উপস্থাপনা আয়োজনের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | | সিস্টেম এনালিস্ট |
| ৬. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন:**<br>**ক. বিআরটিসি'র নিজস্ব সক্ষমতায় গাড়ী প্রস্তুত:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, গত ০৫/১০/২০২৫ তারিখে ০১টি একতলা এসি বাসের ইঞ্জিনসহ চেসিস (CH No. MBIPREHD2PERM5346) এর উপর বডি নির্মাণ কাজ শুরু করা হয়। ইতোমধ্যে ফ্রেম তৈরীর কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করা হবে। | গাড়ী নির্মাণের অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **খ. বিআরটিসি'র ৩৪০টি এসিবাস ক্রয়**<br>৩৪০টি এসিবাস ক্রয়ে বিষয়ে চেয়ারম্যান, বিআরটিসি জানান, ইআরডি এর মাধ্যমে বিডিং ডকুমেন্ট সংক্রান্ত বিষয় নিষ্পত্তি হওয়ার পর, সে আলোকে বিডিং ডকুমেন্ট সংশোধনপূর্বক অনুমোদনের জন্য এক্সিম ব্যাংক অব কোরিয়ায় প্রেরণ করা হয়েছে। অতি শীঘ্রই বিডিং ডকুমেন্টের অনুমোদন পাওয়া যাবে মর্মে আশা করা যাচ্ছে। | সিএনজি চালিত ৩৪০টি এসি বাস ক্রয়ের বিষয়টি ত্বরান্বিত করতে হবে। | চেয়াম্যান, বিআরটিসি |
| | **গ. চার্জিং স্টেশন স্থাপন:**<br>বিআরটিসি'র মাধ্যমে ১০টি ইলেকট্রিক বাস সংগ্রহ ও ২টি চার্জিং স্টেশন স্থাপন বিষয়ে কার্যক্রম চলমান আছে। ইলেক্ট্রিক বাস আনার পূর্বে চার্জিং স্টেশন স্থাপনের বিষয়টি নিশ্চিত হওয়া প্রয়োজন। বাসস্ট্যান্ড, বিশ্রামাগার ও গুরুত্বপূর্ণ পেট্রোল পাম্পের সাথে চার্জিং স্টেশন স্থাপন করার বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের সার্বিক সহযোগিতা ও মতামত নেয়া প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। | (১) বাসস্ট্যান্ড, বিশ্রামাগার ও গুরুত্বপূর্ণ পেট্রোলপাম্পের সাথে চার্জিং স্টেশন স্থাপন বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে<br>(২) এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের সার্বিক সহযোগিতা ও মতামত গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন/পরিকল্পনা)/ চেয়ারম্যান, বিআরটিসি/উপসচিব (পিপিপি ও সমন্বয়) |
| | **ঘ. বিআরটিসি'র স্মার্ট স্কুল বাস সার্ভিস**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, স্মার্ট স্কুল বাস সার্ভিস পরিচালনা বাবদ বকেয়া ৪০ লক্ষ টাকা দ্রুত পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং আগামীতে সার্ভিসটি অব্যাহত রাখার লক্ষ্যে আর্থিক উৎসের ব্যবস্থা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। এর ব্যত্যয় হলে সার্ভিসটি চালু রাখা হবেনা মর্মে জানিয়ে গত ০২/৯/২০২৫ তারিখ জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়। | স্মার্ট স্কুল বাস সার্ভিস পরিচালনা বাবদ বকেয়া ৪০ লক্ষ টাকা আদায়ে জেলা প্রশাসক, চট্টগ্রাম এর সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। | চেয়াম্যান, বিআরটিসি |
| | **ঙ. ড্রাইভার প্রশিক্ষণ:**<br>রোড সেফটি প্রকল্পের আওতায় বিআরটিসি'র মাধ্যমে ৬০,০০০ জন ড্রাইভারকে প্রশিক্ষণ প্রদান করা হবে। এতে ২৩০ কোটি ৭৩ লক্ষ টাকা ব্যয় হবে বিধায় সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ বৈঠকের অনুমোদন প্রয়োজন হবে। উক্ত প্রস্তাবনার উপর ০৩.১১.২০২৫ তারিখে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) এর সভাপতিত্বে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে। | পর্যালোচনা সভার সুপারিশ/মতামত অনুযায়ী রোড সেফটি প্রকল্পের আওতায় ৬০,০০০ জনকে ড্রাইভারকে প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | চেয়াম্যান, বিআরটিসি/উপসচিব (জিএফডিপি) |
| | **চ. বিআরটিসি'র প্রকল্প গ্রহণ:**<br>বিআরটিসিতে গাড়ী সংগ্রহ ও প্রশিক্ষণ সংক্রান্ত কয়েকটি প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্পগুলো অনুমোদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় আলোচনা হয়। এছাড়া, বৈদেশিক সহায়তায় প্রকল্প গ্রহণ কমিয়ে দেশীয় অর্থায়নে প্রকল্প গ্রহণে উদ্যোগী হওয়ার জন্য সভাপতি সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করেন। | (১) প্রক্রিয়াধীন প্রকল্প গুলো অনুমোদনের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br>(২) বৈদেশিক সহায়তায় প্রকল্প গ্রহণ কমিয়ে দেশীয় অর্থায়নে প্রকল্প গ্রহণে উদ্যোগী হতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ অতিরিক্ত সচিব (পরিকল্পনা)সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) |
| ৭. | **ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ:**<br>**ক. Special Purpose Company (SPC) গঠন:**<br>উপসচিব (ডিটিসিএ) জনান, Special Purpose Company (SPC) গঠন বিষয়ে অতিরিক্ত সচিব (আরবান ও ট্রান্সপোর্ট) এর সভাপতিত্বে গত ২৩.১০.২০২৫ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। | Special Purpose Company (SPC) গঠনের বিষয়টি ত্বরান্বিত করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/যুগ্মসচিব (এমআরটি)/ উপসচিব (ডিটিসিএ) |
| | **খ. বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫:**<br>উপসচিব (ডিটিসিএ) জনান, গত ২৯/০৭/২০২৫ তারিখে সড়ক পরিবহন ও মহসড়ক বিভাগের অতিরিক্ত সচিব (আরবান ও ট্রান্সপোর্ট) মহোদয়ের সভাপতিত্বে বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫ বিষয়ে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক ডিটিসিএ হতে সংশোধিত প্রস্তাব দ্রুত এ বিভাগে প্রেরণ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | সংশোধিত খসড়া বিধিমালা দ্রুত ডিটিসিএ হতে এ বিভাগে প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ/উপসচিব (ডিটিসিএ) |



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)**<br>**মেট্রোরেলের সিঙ্গেল জার্নি টিকেট বিষয়ে সিদ্ধান্ত:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল জানান, মেট্রোরেলে QR কোডযুক্ত কাগজের টিকিট চালু করার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। The Universal Ticketing System (UTS) for Single Journey on Dhaka Metro Rail Line-6 বাস্তবায়নের লক্ষ্যে গত ২৬/০৫/২০২৫ তারিখ পত্রিকার মাধ্যমে উন্মুক্ত দরপত্র দাখিলের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। গত ২৫/০৬/২০২৫ তারিখে বিজ্ঞপ্তির মাধ্যমে আগ্রহী প্রতিষ্ঠানের দরপত্র ক্রয়ের সময়সীমা ২৯/০৬/২০২৫ তারিখের পরিবর্তে ২০/০৭/২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছিল। ২১/০৭/২০২৫ তারিখ দরপত্র জমাদানের দিনে মাইলস্টোন স্কুল এন্ড কলেজের দুর্ঘটনার কারনে দরপত্র ক্রয়কারী প্রতিষ্ঠানসমূহ যথাসময়ে দরপত্র জমা দিতে না পারায় সঠিক প্রতিযোগিতা হয়নি মর্মে দরপত্রটি বাতিল করা হয়। বর্তমানে পুন: দরপত্র আহ্বানের কার্যক্রম চলমান রয়েছে। | QR কোডযুক্ত কাগজের সিঙ্গেল জার্নি টিকেট চালুর বিষয়টি তরান্বিত করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল) |
| ৯. | **ঢাকা বিআরটি :**<br>**ক বিআরটি বাস টার্মিনালের জায়গা নির্ধারণ:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি, বাংলাদেশ রেলওয়ের প্রস্তাব অনুযায়ী এয়ারপোর্ট স্টেশন এলাকার বিকল্প হিসেবে নবরূপা এলাকায় এয়ারপোর্ট ৩য় টার্মিনাল-এর বিপরীতে এলিভেটেড এক্সপ্রেসওয়ের র‍্যাম্প-এর নিচের পিয়ার-৪ হতে পিয়ার-১১ পর্যন্ত জায়গার সার্ভে করে পার্কিং লে-আউট প্রস্তুত ও ভেহিক্যাল ট্র্যাকিং সফটওয়্যারের মাধ্যমে বাস টার্নিং-এর পরিবীক্ষণ কাজ সম্পন্ন হয়েছে।বাস টার্নিং ও Entry-Exit প্ল্যান কার্যকর হলে উক্ত জায়গার জন্য অন্যান্য দপ্তর/ সংস্থার কাছ থেকে রাইট অব ওয়ে চাওয়া হবে। একই সাথে সওজ এর অধিগৃহীত ১২০৩ নং দাগের অবশিষ্ট জায়গারও সার্ভে করে একটি পার্কিং লে-আউট প্রস্তুত করা হয়েছে। এজেন্ডাটি আপতত সমন্বয় সভার কার্যপত্র হতে বাদ দেওয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে। | উপসচিব (সমন্বয়) |
| | **খ. অন্তর্বর্তীকালীন বাস অপারেটর হিসেবে বিআরটিসির সাথে MoU স্বাক্ষর:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি জানান, বিআরটি প্রদত্ত ব্যয় বিভাজনটি পর্যালোচনা সংক্রান্ত একটি সভা বিআরটি এর পরিচালক (অর্থ ও হিসাব) এর সভাপতিত্বে ৩০/০৭/২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভার আলোচনা মোতাবেক বিআরটিসি KPI সমূহ বিবেচনা করে একটি সংশোধিত প্রস্তাব প্রেরণ করবেন। এজেন্ডাটি আপতত সমন্বয় সভার কার্যপত্র হতে বাদ দেওয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে। | উপসচিব (সমন্বয়)) |
| | **গ. বিআরটিএ করিডোরে টোল আদায়:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি জানান, ০২.০১.২০২৫ তারিখে অনুষ্ঠিত টোল চালুকরণ সংক্রান্ত সভায় বিআরটি করিডোরে ১০০ টাকা হারে টোল চালুর বিষয়ে সিদ্ধান্ত হয় এবং ১৪.০৬.২০২৫ তারিখে তা ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট পিএলসি বোর্ড কর্তৃক অনুমোদিত হয়। বিআরটি করিডোরে মেটাল ফেন্সিং স্থাপন ও সুষ্ঠু ট্র্যাফিক ব্যবস্থাপনা প্রণয়নের জন্য DMP এবং GMP এর সহিত সমন্বয় সাধন এবং টোল আদায় কার্যক্রম সম্পর্কে জনগণ কে অবহিত করার জন্য প্রচার-প্রচারণার অনুরোধ জানিয়ে প্রধান প্রকৌশলী সড়ক ও জনপথ অধিদপ্তরকে ০৭ জুলাই, ২০২৫ ও ২৩ জুলাই ২০২৫ তারিখে একটি পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>একই সাথে সিনিয়র সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক করিডোরে কি পরিমাণ গাড়ি চলাচল করে তা নিরূপণে ট্রাফিক সার্ভে পরিচালনা হয়। রিপোর্ট পর্যালোচনা করে দেখা যায় যে, এয়ারপোর্ট-গাজীপুর করিডোরে Direct Traffic আনুমানিক ৭০,০০০ (সত্তর হাজার) টি, পূর্বে সম্পন্ন WTP জরিপ অনুযায়ী টোল দিয়ে বিআরটি করিডোর ব্যবহারে ইচ্ছুক ৪ (চার) ক্যাটাগরির গাড়ির (মাইক্রোবাস, সিডান কার, জিপ এবং ফোর হুইল চালিত যানবাহন, পিকআপ) এয়ারপোর্ট প্রান্তে প্রায় ৪৭% এবং গাজীপুর প্রান্তে প্রায় ৪০%। পিক আওয়ারে গাজীপুর থেকে এয়ারপোর্ট যেতে আনুমানিক ৬০ মিনিট সময় লাগে যেখানে গাড়ির গড় গতিবেগ থাকে আনুমানিক ১৫ কি.মি/ঘন্টা। এতে উল্লেখ করা হয় যে, বিআরটি টোল লেন চালু করা গেলে গড় গতিবেগ ৪০ কি.মি/ ঘন্টায় উন্নীত করা সম্ভব, এতে কমপক্ষে ৩০ মিনিট সময় সাশ্রয় হবে। টোল লেন চালুর পূর্বে প্রবেশ-নির্গমন নিয়ন্ত্রণ ও নিরবিচ্ছিন্ন চলাচল নিশ্চিত করার কথা বলা হয়েছে। ট্রাফিক জরিপ হতে প্রাপ্ত তথ্য উপাত্ত যাচাই ও বিশ্লেষণ করে দেখা যায় যে, টোল পরিচালনায় বার্ষিক খরচ আনুমানিক ৫ (পাঁচ) কোটি এবং বার্ষিক আয় আনুমানিক ৩৩ (তেত্রিশ কোটি) টাকা। | বিআরটি করিডোরে টোল আদায়ের বিষয়ে ঢাকা মেট্রোপলিটন পুলিশ ও গাজীপুর মেট্রোপলিটন পুলিশ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে আলোচনা/সভা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ প্রধান প্রকৌশলী (সওজ অধিদপ্তর)/অতিরিক্ত সচিব (আরবান) ট্রান্সপোর্ট) ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা বিআরটি)/উপসচিব (টোল ও এক্সেল) |
| ১০ | **সরকারের বিশেষ উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>**ক. Grivance Redress System (GRS):**<br>জিআরএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, সেপ্টম্বর ২০২৫ মাসে মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের মাধ্যমে ৩৬টি অভিযোগ/মতামত পাওয়া গেছে। ৩৬টি অভিযোগ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে। এছাড়া, বিআরটিএ ২৯টি, বিআরটিসি ৪টি, ডিটিসিএ ৩টি, ডিএমটিসিএল ৬টি অভিযোগ পাওয়া গিয়েছে এবং নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে মর্মে দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ জানান। | (১) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ মোতাবেক অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান/ GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সিনিয়র সিস্টেম এনালিস্ট |



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | (২) সংস্থাভিত্তিক জিআরএস এর তথ্য প্রতি মাসে ৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে। | |
| | **খ. Public Service Innovation:**<br>বিআরটিএ'র প্রতিনিধি জানান, বিভিন্ন ফি আদায়ের লক্ষ্যে গাড়ী রেজিস্ট্রেশনকালীন মালিকের ব্যাংক একাউন্ট ইন্টিগ্রেট করার ধারণাটি বাস্তবায়ন বিষয়ে গত ১৭.০৮.২০২৫ তারিখে ০৮ (আট) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। | বিভিন্ন ফি আদায়ের লক্ষ্যে গাড়ী রেজিস্ট্রেশনকালীন মালিকের ব্যাংক একাউন্ট ইন্টিগ্রেট করার ধারণাটি বাস্তবায়ন করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/চীফ ইনোভেশন অফিসার/সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| | **খ. ইন্টার্নশিপ কোর্স চালু:**<br>আসফিয়া সুলতানা, উপসচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৪-২০২৫ অর্থবছরে ইন্টার্নশীপ প্রোগ্রাম সফলভাবে সম্পন্ন হয়েছে। ২০২৫-২০২৬ অর্থবছরে এ বিভাগ ও দপ্তর/সংস্থায় ইন্টার্ন নিয়োগের কার্যক্রম শীঘ্রই শুরু হবে। এ বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে শীঘ্রই একটি সভা আয়োজন করা হবে। আগামী ডিসেম্বর ২০২৫ সময় থেকে ৬(ছয়) মাস মেয়াদী ইন্টার্নশীপ কার্যক্রম শুরু করার লক্ষ্যে বিজ্ঞাপ্তিসহ সকল ধরণের প্রস্তুতি গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (১) ২০২৫-২০২৬ অর্থবছরে দপ্তর/সংস্থায় এবং এ বিভাগে ৬ (ছয়) মাস মেয়াদী ইন্টার্ন নিয়োগের কার্যক্রম শুরু করতে হবে।<br>(২) ইন্টার্ন নিয়োগের বিষয়ে দ্রুত সভা আয়োজন করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/, উপসচিব (প্রশিক্ষণ)/ইন্টার্নশীপ মনোনয়ন ও আয়োজন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | **খ. দপ্তর/সংস্থার প্রশিক্ষণ আয়োজন:**<br>(১) উপসচিব (প্রশিক্ষণ) জানান, এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার সিনিয়র সচিব মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে এবং সে অনুযায়ী অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। অতিরিক্ত সচিব বাজেট জানান যে, দ্রুত মধ্য মেয়াদী বাজেট প্রণয়ন করা হবে এ লক্ষ্যে প্রথমার্ধের বাজেট ব্যয় BMC এর মাধ্যমে মূল্যায়ন করা হবে। সঠিক ভাবে বাজেট প্রণয়ন, বাজেট খরচ, বাজেট মনিটরিং করার জন্য এ বিভাগ ও দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রয়োজন। সকল কর্মকর্তা/কর্মচারীদের Artificial intelligence, Mental health and stress management, D-nothi, Cyber Security, মোবাইল ফোন ও সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) এ বিভাগ ও আওতাধীন/দপ্তর সংস্থায় প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং প্রশিক্ষণের তথ্য এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(২) বজেট ব্যবস্থাপনা বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br>(৩) এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীদের Artificial intelligence, Mental health and stress management, D-nothi, Cyber Security, মোবাইল ফোন ও সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (বাজেট/প্রশিক্ষণ) |
| | **গ. বুয়েট ও অন্যান্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সমূহের সাথে এ বিভাগের সম্পর্ক স্থাপন:**<br>(১) প্রকৌশল বিষয়ে লেখা পড়া করা তরুণ শিক্ষার্থীদের ব্যবহারিক জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে নির্দেশিকা সওজ অধিদপ্তর কর্তৃক বাংলায় প্রণয়ন করা হয়েছে এবং নির্দেশিকাটি পর্যালোচনাপূর্বক চূড়ান্ত করার লক্ষ্যে ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।<br>(২) বিআরটিসি হতে জানানো হয়েছে, সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা, গাজীপুর, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট এর ১৯ জন এবং সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট এর ১৫ জন শিক্ষার্থীর ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট ০২/০৯/২০২৫ তারিখ হতে অদ্যবধি চলমান রয়েছে। এছাড়াও ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের ০৫ (পাঁচ) জন ও ফেনী পলিটেকনিক ইনস্টিটিউটের ৪৪ জন শিক্ষার্থীর শিল্প কারখানায় ১২ সপ্তাহব্যাপী বাস্তব প্রশিক্ষণ ০২/০৯/২০২৫ তারিখ হতে তেজগাঁওস্থ বিআরটিসি কেন্দ্রীয় মেরামত কারখানায় অদ্যবধি চলমান রয়েছে।<br>(৩) ডিটিসিএ হতে জানানো হয়েছে, প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে বুয়েটসহ অন্যান্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিতকরণের লক্ষ্যে ডিটিসিএ কর্তৃক নিয়মিত লার্নিং সেশনের আয়োজন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় গত ২০/১০/২০২৫ তারিখে অনুষ্ঠিত "২২ অক্টোবর জাতীয় নিরাপদ সড়ক দিবস" উদযাপন উপলক্ষ্যে ডিটিসিএ এর নিরাপদ সড়ক সংক্রান্ত কার্যক্রম সম্পর্কে পরিচিতকরণের লক্ষ্যে ঢাকা শহরের ১০টি প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রায় ৫০ জন ছাত্র-ছাত্রীর | (১) কমিটিকে নির্দেশিকা পর্যালোচনা করে চূড়ান্ত করতে হবে।<br>(২) বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র-ছাত্রীদের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের বিষয়টি চলমান রাখতে হবে।<br>(৩) প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিতিকরণের বিষয়টি অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিসি)/ নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (সম্পত্তি)/ প্রধান প্রকৌশলী, সওজ |



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | শিক্ষার্থীর শিল্প কারখানায় ১২ সপ্তাহব্যাপী বাস্তব প্রশিক্ষণ ০১/০৯/২০২৫ তারিখ হতে তেজগাঁওস্থ বিআরটিসি কেন্দ্রীয় মেরামত কারখানায় অদ্যাবধি চলমান রয়েছে।<br>(৩) ডিটিসিএ হতে জানানো হয়েছে, প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে বুয়েটসহ অন্যান্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিতকরণের লক্ষ্যে ডিটিসিএ কর্তৃক নিয়মিত লার্নিং সেশনের আয়োজন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় গত ২০/১০/২০২৫ তারিখে অনুষ্ঠিত "২২ অক্টোবর জাতীয় নিরাপদ সড়ক দিবস" উদযাপন উপলক্ষ্যে ডিটিসিএ এর নিরাপদ সড়ক সংক্রান্ত কার্যক্রম সম্পর্কে পরিচিতকরণের লক্ষ্যে ঢাকা শহরের ১০টি প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রায় ৫০ জন ছাত্র-ছাত্রীর অংশগ্রহণে "A Comprehensive Approach for Road Safety " শীর্ষক বিশেষ লার্নিং অনুষ্ঠিত হয়। | ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের বিষয়টি চলমান রাখতে হবে।<br>(৩) প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিতিকরণের বিষয়টি অব্যাহত রাখতে হবে। | |
| | **ঘ. সওজ অধিদপ্তরে ইলেক্ট্রিক্যাল বিভাগ চালু:**<br>সওজ গেজেটেড সংস্থাপন-১ শাখা জানান, গত ৭.০৯.২০২৫ তারিখে সড়ক ও জনপথ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে সৃজনকৃত পদের খসড়া নিয়োগ বিধি পর্যালোচনা সভায় আলোচনা হয়েছে। অতি দ্রুত সওজ অধিদপ্তর প্রস্তাব প্রেরণ করবে। | ০৭.০৯.২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনরায় ইলেকট্রিক্যাল বিভাগ চালুর বিষয়ে এ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব/প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/উপসচিব (সওজ সংস্থাপন-১) |
| | **ঙ. সংস্কার পরিকল্পনা বাস্তবায়ন:**<br>এ বিভাগ কর্তৃক গৃহীত ৮টি সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা দপ্তর/সংস্থা কর্তৃকত বাস্তাবয়ন কার্যক্রম অব্যাহত আছে। বাস্তাবয়ন কার্যক্রম অব্যাহত এবং অগ্রগতি তথ্য প্রতিমাসে এ বিভাগে প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনার বাস্তাবয়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি তথ্য প্রতিমাসে এ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ সংস্কার প্রস্তাব বাস্তবায়ন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | **চ. সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ:**<br>উপসচিব (সমন্বয়) জানান, Rules of Business 1996 অনুযায়ী এ বিভাগ ও দপ্তর/সংস্থার কার্যক্রম পরিচালনাসহ প্রত্যেকটি কার্যালয়ের সাংগঠনিক কাঠামো হালনাগাদ করার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আধা-সরকারি পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের প্রশাসন শাখা ও আওতাধীন দপ্তর/সংস্থায় গত ০৪.০৯.২০২৫ তারিখে পত্র দেয়া হয়েছে। এ বিভাগসহ দপ্তর/সংস্থার সাংগঠনিক কাঠামো দ্রুত হালনাগাদ করার জন্য সভপতি সকলকে নির্দেশনা প্রদান করেন। | Rules of Business 1996 অনুযায়ী এ বিভাগ ও দপ্তর/সংস্থার কার্যক্রম পরিচালনাসহ সাংগঠনিক কাঠামো দ্রুত হালনাগাদ করতে হবে। | দপ্তর সংস্থা প্রধান (সকল)/অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| | **ছ. সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে সংযোগ স্থাপন:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে Multimodal Transport System স্থাপন বিষয়ে পরিকল্পনা গ্রহণে উপদেষ্টা মহোদয়ের পরামর্শ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে Multimodal Transport System স্থাপন বিষয়ে উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা অনুযায়ী দ্রুত পরিকল্পনা প্রণয়ন করে এ বিভাগে উপস্থাপনার আয়োজন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |

০৩। আলোচ্য সূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোহাম্মদ জিয়াউল হক
অতিরিক্ত সচিব
(সচিবের রুটিন দায়িত্ব)

কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নং-৩৫.০০.০০০০.০৫১.০৬.০০২.২৫-৩৯৮

তারিখঃ ২৪ কার্তিক ১৪৩২
০৯ নভেম্বর ২০২৫

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
৩. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, চেয়ারম্যানবাড়ী, নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা
৪. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, দিয়াবাড়ী, উত্তরা, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, উত্তরা, ঢাকা
৮. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১০. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১. সম্পত্তি ও আইন কর্মকর্তা, সওজ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ঢাকা/খুলনা/চট্টগ্রাম জোন
১২. পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৪. প্রধান বৃক্ষপালনবিদ, সওজ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা
১৫. সিনিয়র সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৭. সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

০৯.১১.২৫

হাবিবুল হাসান রুমি
উপসচিব
☎২২৩৩৮০৯৬৬
E-mail: dstraco@rthd.gov.bd



CamScanner